

অথবা

- ৬। ফেলুদার গল্পে জটায়ুর প্রথম প্রবেশ ‘সোনার কেব্লা’য় আর ‘জয়বাবা ফেলুনাথ’এ তিনিই হয়ে উঠেছেন রহস্য-নির্মাণ আর রহস্য-উন্মোচনের অবিচ্ছেদ্য অঙ্গ—যুক্তিসহ এ-বিষয়ে তোমার মত জানাও।
- ৭। গোয়েন্দা গল্পের অন্যতম আকর্ষণ এর অপরাধী চরিত্র। গোয়েন্দার মতো এ-ও এক সযত্ন নির্মাণ। প্রভাবতী দেবীর কৃষ্ণ সিরিজের তোমার পাঠ্য কাহিনি অবলম্বনে মন্তব্যটি ব্যাখ্যা করো।

অথবা

- ৮। ব্যোমকেশ বা ফেলুদার গোয়েন্দা গল্পের তুলনায় প্রভাবতী দেবীর কৃষ্ণ সিরিজের স্বাদ অনেকটাই আলাদা। নিছক মনোরঞ্জন নয় বস্তুত এর পেছনে কাজ করেছে রচয়িতার এক সচেতন অভিপ্রায়। তুমি কি এ ব্যাপারে সহমত? যুক্তিসহ লেখো।

## কলা স্নাতকোত্তর অন্ত্য সেমিস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমিস্টার)

বাংলা

কোর্স : পি.জি. ৩.৫৬এ

বাংলা রহস্য রোমাঞ্চ ও গোয়েন্দা কাহিনি

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

- ১। গোয়েন্দা গল্পের যে দশবিধির তালিকা তৈরি করেছিলেন রোনাল্ড নক্স— তোমার পড়া বাংলা গোয়েন্দাগল্পের আলোচনায় তা অচল। বিধিগুলির উল্লেখ করে এ মন্তব্যের তাৎপর্য বুঝিয়ে দাও।

অথবা

- ২। সত্য এবং ন্যায়ের জন্য পাঠকের ঔৎসুক্যই গোয়েন্দাগল্পের জনপ্রিয়তাকে টিকিয়ে রাখবে— গোয়েন্দা গল্প বিষয়ে এই বিচার কি তুমি মেনে নেবে? যুক্তিসহ তোমার মত জানাও।
- ৩। ১৯৪৬-এর প্রত্যক্ষ সংগ্রাম দিবসের অব্যবহিত পর থেকে আরম্ভ করে স্বাধীনতার সকাল পর্যন্ত যে সময়কাল শরদিন্দুর ‘আদিম রিপু’ উপন্যাসের পটভূমি, আখ্যান নির্মাণে তার গুরুত্ব আলোচনা করো।

অথবা

- ৪। গোয়েন্দাগল্পের লেখকের অন্যতম কৌশল একাধিক সন্দেহভাজন চরিত্র সৃষ্টি করে পাঠককে বিভ্রান্ত করা। তোমার পাঠ্য যে কোনো একটি ব্যোমকেশ-কাহিনি অবলম্বনে বিষয়টির প্রয়োগ সার্থকতা ব্যাখ্যা করো।
- ৫। দেশভ্রমণের মতো একটি বিষয় কীভাবে ফেলুদার গোয়েন্দাগিরির অন্যতম আকর্ষণ হয়ে ওঠে ‘সোনার কেব্লা’ কাহিনি অবলম্বনে তা বিশ্লেষণ করে দেখাও।